

বাংলাদেশিদের সহজ শর্তে ভিসা দিচ্ছে কুয়েত

- A Monitor Desk Report

Date: 19 May, 2025



ঢাকাঃ বাংলাদেশিদের জন্য সহজ শর্তে ভিসা প্রদান শুরু করেছে মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ শ্রমবাজার কুয়েত। এখন থেকে বিশেষ কোনো অনুমতি ছাড়াই বাংলাদেশি নাগরিকরা দেশটির ভিসা সুবিধা পাচ্ছেন বলে জানিয়েছেন কুয়েতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মেজর জেনারেল সৈয়দ তারেক হোসেন।

কুয়েতে কর্মরত গণমাধ্যমকর্মীদের সঙ্গে এক আলোচনায়

রাষ্ট্রদূত জানান, গত এক সপ্তাহ ধরে বাংলাদেশিদের জন্য ভিসা দেওয়া হচ্ছে। যদিও এটি এখনো আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি।

রাষ্ট্রদূত জোর দিয়ে বলেন, ভিসা ইস্যুতে কোনো ধরনের প্রতারণা সহ্য করা হবে না। যারা দালালের মাধ্যমে ভিসা নেওয়ার চেষ্টা করছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলেও হুঁশিয়ারি উচ্চারণ করেন তিনি।

তিনি বলেন, “যেসব ভিসা আমরা সত্যায়িত করছি, সেগুলোর ক্ষেত্রে নিয়োগকারী প্রতিষ্ঠানের সঙ্গে দূতাবাসের চুক্তি থাকে। আমরা যাচাই করি। কর্মীর বেতন, থাকার ব্যবস্থা, চিকিৎসা ও ছুটির সুবিধা কেমন থাকবে।”

তিনি সবাইকে দালালের মাধ্যমে নয়, বরং দূতাবাস নির্ধারিত বৈধ প্রক্রিয়ায় ভিসা গ্রহণের অনুরোধ জানান।

-B